

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওসামুল হোসেন মাসিক মিতা

পিএসসি পরীক্ষার ফল প্রকাশে নতুন পদ্ধতি কমাচ্ছে সময়

👤 সাইদুর রহমান 🕒 ০৩ এপ্রিল, ২০১৭ ইং ০০:০০ মিঃ

ফলাফল প্রকাশে প্রযুক্তি ব্যবহার করে সফলতা পাচ্ছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। ‘সার্চ ইঞ্জিন’ সফটওয়্যার ব্যবহার করে নন-ক্যাডার প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পরীক্ষার ফলাফল দ্রুত প্রকাশ করতে পারছে কমিশন। এই ‘সার্চ ইঞ্জিন’ সফটওয়্যারের সহায়তায় ইতিমধ্যে সিনিয়র স্টাফ নার্স, মিডওয়াইফ, থানা শিক্ষা অফিসার, সরকারের ১৪টি দপ্তরে বিভিন্ন ক্যাটাগরির পদের পরীক্ষার চূড়ান্ত ফলাফল স্বল্প সময়ে প্রকাশ করা সম্ভব হয়েছে। ৩৫তম বিসিএসের নন-ক্যাডার পদের ফলাফলও এই সফটওয়্যারের সহায়তায় প্রকাশ করতে যাচ্ছে পিএসসি।

পিএসসির সংশ্লিষ্টদের মতে, সম্প্রতি বেশ কয়েকটি নন-ক্যাডার পরীক্ষার ফলাফল প্রকাশের দীর্ঘসূত্রতা কমাতে এই সফটওয়্যার ব্যাপক ভূমিকা রেখেছে। সরকারি চাকরির নিয়োগ পরীক্ষায় ফলাফল প্রকাশের যে দীর্ঘসূত্রতা তৈরি হয়েছিল তা দূর করার জন্য মূলত সার্চ ইঞ্জিনের ব্যবহার করা হচ্ছে।

এ বিষয়ে জানতে চাইলে পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক ইত্তেফাককে বলেন, নন-ক্যাডার ফলাফল প্রকাশের ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতির ‘সার্চ ইঞ্জিন’ ব্যবহার করে দ্রুত ফলাফল প্রকাশের এ সফলতা পাওয়া গেছে। এর আগে এতো অল্প সময়ে কোনো পরীক্ষার ফলাফল প্রকাশ করা সম্ভব হয়নি। ৩৬তম বিসিএসের ক্যাডার পদেও প্রযুক্তির ব্যবহার করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে। এজন্য ক্যাডার ডিস্ট্রিবিউশন সফটওয়্যার (ক্যাডাস) উদ্ভাবন করা হয়েছে।

পিএসসির সংশ্লিষ্টরা জানিয়েছেন, অনলাইনে আবেদন থেকে শুরু করে একজন প্রার্থীর যাবতীয় তথ্য ‘সার্চ ইঞ্জিন’ সফটওয়্যারে সংরক্ষণ করা হচ্ছে। বিশেষ করে প্রার্থীর নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাগত যোগ্যতা, জেলা, জন্ম তারিখ, কোটা, লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বরসহ অন্যান্য তথ্যাদি এই ডিজিটাল সফটওয়্যারে সংযুক্ত করে চাহিদা মতো ফলাফল প্রস্তুত করা হয়। মেধা ও কোটার ভিত্তিতে ফলাফল প্রস্তুতকরণে অটোমেশন ‘সার্চ ইঞ্জিন’ স্থায়ীভাবে ব্যবহার হচ্ছে। ডিজিটাল পদ্ধতিতে সব পরীক্ষার ফলাফল প্রস্তুত করার জন্য রেজাল্ট প্রসেসিং রুম (ক্যাডার) ও রেজাল্ট প্রসেসিং রুম (নন-ক্যাডার) নামে দু’টি পৃথক কক্ষ প্রস্তুত রাখা আছে। দু’টি কক্ষে আলাদাভাবে বড় একটি করে কম্পিউটার রয়েছে। এই দু’টি কম্পিউটারে একটি সার্চ ইঞ্জিন সফটওয়্যার ও অন্যটিতে ক্যাডার ডিস্ট্রিবিউশন সফটওয়্যার (ক্যাডাস) ব্যবহার করার জন্য প্রস্তুত রাখা আছে। পরীক্ষার ফলাফল সফটওয়্যারে প্রস্তুত করার পর অনলাইনে এবং এসএমএসের মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের অবহিত করছে পিএসসি। বুয়েটের বিশেষজ্ঞদের সহায়তায় পিএসসির সদস্য অধ্যাপক ড. আব্দুল জব্বার খান ও কমিশনের আইটি শাখা সমন্বয় করে ফলাফল প্রস্তুত করার সার্চ ইঞ্জিন সফটওয়্যার উদ্ভাবন করেন। এরাই ক্যাডার ডিস্ট্রিবিউশন সফটওয়্যার (ক্যাডাস) উদ্ভাবন করেছে। সম্পূর্ণ রাজস্ব খাতের বাইরে এই দু’টি সফটওয়্যারের আবিষ্কার। আগে লিখিত ও মৌখিক পরীক্ষার পর উত্তীর্ণ প্রার্থীদের সুপারিশ প্রণয়ন প্রক্রিয়া কম্পিউটারের সহায়তায় ম্যানুয়াল পদ্ধতিতে করা হতো। এতে ফলাফল প্রস্তুত করতে অধিক সময় ব্যয় হতো। ফলাফল প্রণয়নের সময় হ্রাস করে ৭ থেকে ১০ দিনের মধ্যে ডিজিটাল পদ্ধতিতে ফলাফল প্রকাশ করা হচ্ছে। গত বছরের ২৩ আগস্ট সিনিয়র স্টাফ নার্স পরীক্ষার মৌখিক পরীক্ষা সম্পন্ন হয়। আর ওই বছরের গত ৪ সেপ্টেম্বর সার্চ ইঞ্জিনের মাধ্যমে চূড়ান্ত ফল প্রকাশ করা হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত